

দী প্রি প্র কা শ দে  
টাউনশিপ : এক  
নিঃশ্বাসের কষ্ট ছাড়া  
আর কোনও কষ্ট নেই এখানে  
  
ডান হাত বাড়ালে নক্ষত্র আর  
বাঁ হাত বাড়ালে ধ্বনি সড়ক  
মাঝে মাঝে টায়ার ফাটার শব্দে  
হাঁড়ি থেকে চলকে ওঠে প্রাণিতিহাসিক জল  
তবু, বেশ সুখ আছে সুজন  
  
একবার চোখ মেললে  
মৃত্যুর আগে আর  
চোখ বক্সের ইচ্ছে জাগে না

টাউনশিপ : দুই  
এই সেই মহাশূন্য, যেখানে  
পিঠে অঙ্গিজেন বেঁধে  
সারাদিন শুয়ে থাকি অনন্তশয্যার  
  
রাতে তারাখসা দেখতে দেখতে  
পূর্বপুরুষের স্মৃতি ফিরে আসে  
  
যারা কেউ দেখে গেল না  
যৌবনকুর থেকে বেঁচে উঠেও  
কীভাবে তলিয়ে গেলাম  
বিজয়চার্চের অলীক শহরে

টাউনশিপ : তিন  
মাটি থেকে আর কত উঠে গেলে  
তোমাকে ছোট দেখাবে, আর  
আমাকে অদৃশ্য  
  
যতটা দুর্ভু তুমি লিখেছিলে  
আমি তারও উপরে এক  
সন্তান্য টাওয়ারহীন প্রদেশে এসেছি  
  
এখানে মৃত্যু বন্ধু  
নৈশশব্দ আমার বাবা-মা